# PURBASTHALI COLLEGE

**ESTD: 2009**

**Vill + P.O:-Parulia, Dist:-PurbaBardhaman, PIN-713513**

Contact No.8617647363/03454-264666

Email: - purbasthalicollege@gmail.com Visit us: www.pubasthalicollege.com

Date – 10.03.2023

## NOTICE

## For Add-On Course of Bengali Department

It is hereby informed to all of the students of Purbasthali College that Bengali Department of Purbasthali College offering an Add-On Course. The name of course and the name of the course co-ordinator are given below-

| Name of the course | Name of the course-coordinator | Date |
|---|---|---|
| আধুনিকবাংলাবানানবিধি | Mr.Firoj Khan | 17.03.2023 – 17.04 2023 |

Those who are interested about these courses please contact with ourcourseco-ordinator.

Bsaha

**(Dr.Bibhas Chandra Saha)**
**Principal**
**Purbasthali College**

Principal
Purbasthali College
Parulia, Purba Bardhaman

L. Ghoshal

**( Dr.Lipikaghoshal)**
**H.O.D**
**Bengali Department**

H.O.D
Department of Bengali
Purbasthali College
Parulia, Purba Bardhaman

# পূর্বস্থলী কলেজ

## বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

**ADD-ON COURSE**

# আধুনিক বাংলা বানানবিধি

বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

পূর্বস্থলী কলেজ


পারুলিয়া, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, ৭১৩৫১৩

**ADD - ON COURSE**

পূর্বস্থলী কলেজ, বাংলা বিভাগ

# আধুনিক বাংলা বানানবিধি






# পূর্বস্থলী কলেজ প্রসঙ্গে

পূর্বস্থলী কলেজের সঙ্গে যুক্ত আছে এক সমৃদ্ধশালী ঐতিহ্যের ইতিহাস। মধ্যযুগে বিস্তীর্ণ পূর্বস্থলী জুড়ে বিদ্যাচর্চার ব্যাপক প্রসার ঘটেছিল। সেকালে নব্যনায় চর্চার উন্নত কেন্দ্র ছিল নবদ্বীপ, আর পূর্বস্থলী তার উপকেন্দ্র। বঙ্গদেশে নব্যন্যায়চর্চার প্রবর্তক বাসুদেব সার্বভৌম ভট্টাচার্য (জন্ম আনু.১৪৩০ – ১৪৩৫) আবির্ভূত হয়েছিলেন এই পূর্বস্থলীতেই। ড. বিমানবিহারী মজুমদারের মতে, বাসুদেব সার্বভৌম ছিলেন পারুলিয়ার অধিবাসী। তাঁর পিতা নরহরি বিশারদ এবং ভাই বিষ্ণুদাস বিদ্যাবাচস্পতি ছিলেন যশস্বী পণ্ডিত। 'চৈতন্য ভাগবত' গ্রন্থের সাক্ষ্য থেকে জানা যায় যে, চৈতন্যদেব পুরী থেকে এসে সার্বভৌম ভ্রাতা বিদ্যাবাচস্পতির গৃহে আত্মগোপন করেছিলেন। ফলে পূর্বস্থলী ও পারুলিয়া চৈতন্য সংস্কৃতির প্রভাব অনুমান করা যায়।

সেকালে বৈদিক শ্রেণির ব্রাহ্মণ অধ্যুষিত পূর্বস্থলী ছিল সংস্কৃত চর্চার জনপ্রিয় পিঠস্থান। বিষ্ণুপ্রিয়া দেবীর পিতা সনাতন মিশ্রের বংশের উত্তরপুরুষ বিখ্যাত স্মার্ত পণ্ডিত দুর্গাদাস নায়রত্নের টোল ছিল পূর্বস্থলীতে। এই টোলেই অধ্যয়ন করে খ্যাতিমান হয়েছেন পণ্ডিত কৃষ্ণনাথ ন্যায় পঞ্চানন (১৮৩৩ – ১৯১১)। কৃষ্ণনাথ ন্যায় পঞ্চাননের চতুষ্পাঠীতে বিদ্যাশিক্ষা লাভ করে অসংখ্য পণ্ডিত বাংলার শিক্ষাক্ষেত্রকে সমৃদ্ধ করেছেন। উল্লেখ করার বিষয় নবদ্বীপের বিশিষ্ট পণ্ডিত মহামহোপাধ্যায় শিতিকন্ঠ বাচস্পতি কৃষ্ণনাথ ন্যায় পঞ্চাননেরই ছাত্র ছিলেন।


সপ্তদশ শতাব্দীর সূচনায় আরেক প্রখ্যাত ব্রাহ্মণ মথুরানাথ বিদ্যালঙ্কার পূর্বস্থলীতেই অবস্থান করতেন। তিনি বহু মূল্যবান গ্রন্থও লিখেছিলেন। দুর্গাদাস ন্যায়রত্নের এবং গোপীনাথ তর্কালঙ্কারের টোলে সংস্কৃত অধ্যয়ন করেছিলেন উনিশ শতকের আরেক অনুসন্ধিৎসু নাস্তিক পণ্ডিত অক্ষয়কুমার দত্ত। উনিশ শতকে বৈজ্ঞানিক চিন্তা এবং মুক্ত জ্ঞানচর্চার ক্ষেত্রে এই অক্ষয়কুমার দত্তের ভূমিকা অনস্বীকার্য। তিনি একই সঙ্গে ঈশ্বরের অস্তিস্ত্ব সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন আবার সেইসঙ্গে টোলে দেশজ শিক্ষা কাঠামোয় সংস্কৃত শিক্ষা গ্রহণ করেছেন। অর্থাৎ ঐতিহ্য এবং আধুনিকতাকে এক সূত্রে গ্রথিত করেছেন।


কৃষ্ণনাথ ন্যায় পঞ্চাননের সমসাময়িককালেই পূর্বস্থলীতে টোল খুলেছিলেন তারানাথ তর্করত্ন ও যদুনাথ স্মৃতিতীর্থ। এই সমস্ত টোল থেকে বিদ্যালাভ করে বিশ শতকেও যাঁরা অধ্যাপনা কাজে নিযুক্ত ছিলেন তাঁরা হলেন – সুরেন্দ্রনাথ স্মৃতিতীর্থ, ভূপতিনাথ স্মৃতিতীর্থ এবং সত্যনাথ স্মৃতিতীর্থ।


পূর্বস্থলীর অপর এক স্মার্তপণ্ডিত সুরেন্দ্রনাথের পুত্র অর্পণাপদ স্মৃতিতীর্থ। তিনি 'নবদ্বীপ বঙ্গবিবুধজননী সভা' পরিচালিত উপাধি পরীক্ষার প্রশ্নকর্তা ও পরীক্ষক ছিলেন।

ন্যায় ও স্মৃতি চর্চার পাশাপাশি পূর্বস্থলীতে তন্ত্রশাস্ত্রচর্চারও এক উপযুক্ত ভূমি গড়ে উঠেছিল। চতুর্দশ শতাব্দীতে যশোহর থেকে আসেন আচার্য কাঞ্চন পাকরাশি। এখানে এসে তিনি চতুষ্পাঠী স্থাপন করেন। কাঞ্চন আচার্যের বাসুদেব ভট্টাচার্য এবং প্রপৌত্র সর্বানন্দ তন্ত্রশাস্ত্রচর্চায় সুখ্যাতি অর্জন করেছিলেন। অর্থাৎ একথা সহজেই অনুমান করা যায় যে, দেশজ শিক্ষা ধারার নানা দিক পূর্বস্থলীর বিস্তীর্ণ জনপদে কালে কালে বিকশিত হয়েছে।

বিদ্যাচর্চার বৃহত্তর পরিসরে পূর্বস্থলী কলেজ সেই সুদূর এবং অদূরের আহ্বানকে সর্বদা নিজের মধ্যে লালন করে চলেছে।






Shot on realme 8

# কোর্সের প্রস্তাবনা

যে কোনো ভাষা ও সাহিত্য পাঠের ক্ষেত্রে শুদ্ধ বানান একটি অপরিহার্য বিষয়। কেননা বানানের সামান্যতম হেরফের ঘটলে বহুক্ষেত্রে কাঙ্ক্ষিত অর্থে পৌছনো অসম্ভব হয়ে পড়ে । তাই বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষার্থী এবং পাঠক হিসেবে বানান সম্পর্কে সম্যক ধারণা থাকা আবশ্যক। কিন্তু লক্ষ করা গেছে বানান বিষয়ে আমাদের মন এতটাই বেশি সমাজ চালিত যে, সমাজের আনাচে-কানাচে, এদিকে-ওদিকে যে সমস্ত ভুল বানান প্রচলিত তারই আশ্রয়ে গড়ে ওঠে আমাদের বানান কল্পনা। ফলে একদিকে মুখ লুকিয়ে থাকে প্রকৃত শব্দ ও তার আভিধানিক অর্থ আর একদিকে ভুল বানান দাপটের সঙ্গে রাজত্ব করে আমাদের প্রাত্যহিক লিখন-কর্মে। বাংলা ভাষার এই অবমাননা বাঙালি হিসেবে আমাদের পীড়িত করবে – এটিই স্বাভাবিক। এই পীড়া নিরসন এবং পীড়িত বাংলা ভাষাকে তার উপযুক্ত বানান সহযোগে সংরক্ষণের জন্য বানান চর্চা অতি প্রয়োজনীয় একটি উদ্যোগ। পূর্বস্থলী কলেজের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ এই আয়োজনে সকল শিক্ষার্থীকে অংশগ্রহণ করতে আহ্বান জানায়।

# কোর্সের উদ্দেশ্য

- ❖ বাংলা বানান সম্পর্কিত প্রাথমিক ধারণা দান
- ❖ বাংলা বানান সমস্যা ও তার প্রতিকার চিহ্নিতকরণ
- ❖ বাংলা বানানের বৈচিত্র্য সম্পর্কে ধারণা লাভ
- ❖ বানান ভুলের কারণ অনুসন্ধান
- ❖ বিদেশী শব্দের প্রতিবর্ণীকরণ ও বাংলা বানান সমস্যা
- ❖ বানান সংস্কার প্রচেষ্টা ও তার প্রাতিষ্ঠানিক উদ্যোগ সম্পর্কে জ্ঞান লাভ

- সর্বোপরি শুদ্ধ বানান প্রয়োগের সাবলীলতা অর্জন

## কোর্সের মেয়াদ: ১৭.০৩.২০২৩-১৭.০৪.২০২৩

- কোর্সটি সম্পূর্ণ হবে ৩০ ঘণ্টা সময়কালের মধ্যে।

## ছাত্রছাত্রীদের যোগ্যতা :

- বাংলা বিভাগের প্রত্যেক শিক্ষার্থীই উপরোক্ত কোর্সটিতে আবেদন করার জন্য উপযুক্ত। অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ৭৫ শতাংশ ক্লাসে উপস্থিত থাকতে হবে।

## আসন সংখ্যা :

- উপরোক্ত কোর্সের জন্য আসন সংখ্যা – ৩৫

## কোর্স ফি :

- মাত্র ৫০ টাকা

## মূল্যায়ন পদ্ধতি :

- নির্ধারিত পাঠ্যসূচি সম্পূর্ণ হওয়ার পর পূর্বস্থলী কলেজ বাংলা বিভাগের পক্ষ থেকে একটি পরীক্ষা নেওয়া হবে
- পরীক্ষাটি হবে ২০ নম্বরের মৌখিক পরীক্ষা। ১০ নম্বর পেলে সকলে কৃতকার্য হবে।
- মূল্যায়নের জন্য ৭৫ শতাংশ উপস্থিতি আবশ্যক

## পাঠ্যসূচি

# পাঠ্যসূচি


- ❖ বানান ভুল : তার উৎস ও বৈচিত্র্য
- ❖ বাংলা বর্ণমালা ও লিপি
- ❖ বাংলা লিপিতত্ত্ব
- ❖ তৎসম শব্দের উচ্চারণ ও বানান
- ❖ তদ্ভব ও অর্ধতৎসম শব্দের বানান
- ❖ বাংলা ক্রিয়াপদের বানান
- ❖ বিদেশী শব্দের প্রতিবর্ণীকরণ
- ❖ বাংলা শব্দের ইংরাজি প্রতিবর্ণীকরণ
- ❖ শুদ্ধ বানান প্রচলন ও কিছু সমস্যা
- ❖ বাংলা বানান ও রবীন্দ্রনাথ ঠাকুর
- ❖ কলিকাতা বিশ্ববিদ্যালয় ও বাংলা বানান
- ❖ পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি ও বাংলা বানান




# পূর্ণাঙ্গ কোর্স কাঠামো

| | |
|---|---|
| একক – ১ | বানান ভুল : তার উৎস ও বৈচিত্র্য |
| | ক. স্খলন ও ভ্রান্তি<br>খ. বানান ভুল ও তার প্রকরণ |
| একক – ২ | বাংলা বর্ণমালা ও লিপি |
| | ক. বর্ণমালার নানা চরিত্র<br>খ. বর্ণমালা ও লিপিপদ্ধতি<br>গ. বানান উচ্চারনে অসংগতির ঐতিহাসিক উৎস অনুসন্ধান<br>ঘ. বানান সংস্কারের মূল এলাকা |
| একক – ৩ | তৎসম শব্দের উচ্চারণ ও বানান |
| | ক. বিকল্প স্বরচিহ্নের সমস্যা<br>খ. হ্রস্ব-ইকার দীর্ঘ – কার সমস্যা<br>গ. হ্রস্ব উ – কার / দীর্ঘ উ – কার সমস্যা<br>ঘ. বিকল্প ব্যঞ্জন সমস্যা<br>ঙ. নত্ব - বিধান, ষত্ব – বিধান |
| একক – ৪ | তদ্ভব ও অর্ধতৎসম শব্দের বানান |
| একক – ৫ | বাংলা ক্রিয়াপদের বানান |
| একক – ৬ | বিদেশী শব্দের প্রতিবর্ণীকরণ |
| একক – ৭ | বাংলা শব্দের ইংরাজি প্রতিবর্ণীকরণ |
| একক – ৮ | বাংলা বানান ও রবীন্দ্রনাথ ঠাকুর |
| একক – ৯ | কলিকাতা বিশ্ববিদ্যালয় ও বাংলা বানান |
| একক – ১০ | পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি ও বাংলা বানান |

## কোর্স সমন্বয়কারী

শ্রী ফিরোজ খান, শিক্ষক, পূর্বস্থলী কলেজ, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

### পৃষ্ঠপোষক

- ড. বিভাসচন্দ্র সাহা, অধ্যক্ষ, পূর্বস্থলী কলেজ, পারুলিয়া, পূর্ব বর্ধমান

### উপদেষ্টা কমিটি

- সদস্য – ড. সৌম্যমোহন ঘোষ, সমন্বয়কারী, আই. কিউ. এ. সি, পূর্বস্থলী কলেজ

ড. লিপিকা ঘোষাল, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, পূর্বস্থলী কলেজ

ড. শুক্লা ভট্টাচার্য, বিভাগীয় প্রধান, শিক্ষাবিজ্ঞান বিভাগ, পূর্বস্থলী কলেজ

শ্রী অনুপম দাস, বিভাগীয় প্রধান, ইতিহাস বিভাগ, পূর্বস্থলী কলেজ

ড. সুচন্দ্রা নিয়োগী, বিভাগীয় প্রধান, ইতিহাস বিভাগ, পূর্বস্থলী কলেজ

শ্রী নির্মল দাস, বিভাগীয় প্রধান, রাষ্ট্র বিজ্ঞান বিভাগ, পূর্বস্থলী কলেজ

শ্রী অনিরুদ্ধ দেবনাথ, বিভাগীয় প্রধান, সংস্কৃত বিভাগ, পূর্বস্থলী কলেজ

### ব্যুৎপন্নব্যক্তি

**অন্তঃস্থ :**

ড. লিপিকা ঘোষাল, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, পূর্বস্থলী কলেজ

শ্রী মিন্টুলাল দত্ত, শিক্ষক, বাংলা বিভাগ, পূর্বস্থলী কলেজ

শ্রী অনুপকুমার ঘটক, শিক্ষক, বাংলা বিভাগ, পূর্বস্থলী কলেজ

শ্রী ফিরোজ খান, শিক্ষক, বাংলা বিভাগ, পূর্বস্থলী কলেজ

**বহিঃস্থ :**

ড. চন্দ্রিমা বসু, সহযোগী অধ্যাপক, নবদ্বীপ বিদ্যাসাগর কলেজ, নবদ্বীপ, নদিয়া

ড. সুমন ভট্টাচার্য, সহকারী অধ্যাপক, কৃষ্ণনগর উইমেন্স কলেজ, কৃষ্ণনগর, নদিয়া

## নির্দেশক গ্রন্থ

১. চট্টোপাধ্যায়, সুনীতিকুমার, *ভাষাপ্রকাশ বাঙ্গালা ব্যাকরণ,* রূপা অ্যান্ড কোং প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০১৪

২. সরকার, পবিত্র, *বাংলা বানান : সংস্কার সমস্যা ও সম্ভাবনা,* চিরায়ত প্রকাশন, কলকাতা, জুলাই ১৯৮৭

৩. সরকার, পবিত্র, *চম্‌স্কি ব্যাকরণ ও বাংলা বানান,* পুনশ্চ, কলাকাতা, জুলাই ২০১৩

৪. চক্রবর্তী, নীরেন্দ্রনাথ (সম্পা.), *কী লিখবেন কেন লিখবেন?,* আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০০০

৫. *প্রসঙ্গ বাংলা ভাষা - ১,* পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা, ১৯৮৬

৬. *প্রসঙ্গ বাংলা ব্যাকরণ – ২,* পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা, ২০০৬

৭. *আকাদেমি বানান অভিধান,* পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা, ১৯৯৭

৮. পাল, পলাশবরণ, *ধ্বনিমালা বর্ণমালা,* অনুষ্টুপ, কলকাতা, জানুয়ারি ২০০১

৯. পাল, পলাশবরণ, *আ মরি বাংলা ভাষা,* অনুষ্টুপ, কলকাতা, জানুয়ারি ২০১১

১০. পাল, পলাশবরণ, *বাংলা বানানের চার দশক, অবভাস প্রবন্ধ সংকলন,* জানুয়ারি – মার্চ ২০০৫, এপ্রিল – সেপ্টেম্বর ২০০৫, জানুয়ারি – মার্চ ২০০৭ সংখ্যা

১১. বাংলা একাডেমি, *প্রমিত বাংলা বানানের নিয়ম,* বাংলা একাডেমি ঢাকা, পরিমার্জিত সংস্করণ ২০১২

H.O.D
Department of Bengali
Purbasthali College
Parulia, Purba Bardhaman

Principal
Purbasthali College
Parulia, Purba Bardhaman

ADD-ON COURSE COORDINATOR
Department of Bengali
Purbasthali College
Parulia, Purba Bardhaman.